
## The Bangladesh Monitor - A Premier Travel Publication



## বিশ্বে শক্তিশালী পাসপোর্টের সূচকে বাংলাদেশের অবস্থান ১০০

## A Monitor Desk Report



্রাঢাকা: যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান হেনলি অ্যান্ড পার্টনার্সের পাসপোর্ট সূচকে, বিশ্বের শক্তিশালী পাসপোর্ট সূচকে বাংলাদেশের অবস্থান ১০০তম। আর এবারের সূচকে শীর্ষে রয়েছে সিঙ্গাপুর। এর পরই রয়েছে দক্ষিণ কোরিয়া ও জাপান।

□মঙ্গলবার (১৫ অক্টোবর) যুক্তরাজ্যভিত্তিক প্রতিষ্ঠান দ্য হেনলি অ্যান্ড পার্টনার্স প্রকাশিত সচকে এ তথ্য জানা গেছে।

মজালবার মার্কিন সংবাদমাধ্যম এক প্রতিবেদনে জানিয়েছে, '□বাংলাদেশের সজো একই অবস্থানে আছে উত্তর কোরিয়া। এই দুটি দেশের নাগরিকরা বিশ্বের মাত্র ৩৮ দেশে ভিসামুক্ত প্রবেশ করতে পারেন।'

□ (হেনলি'র ওই প্রতিবেদনে বলা হয়েছে, এবারের হালনাগাদ সূচকে বড়় অবনমন হয়েছে যুক্তরায়্রের।

□হেনলি পাসপোর্ট সূচক চালু হওয়ার ২০ বছর পর এবারই প্রথম শীর্ষ ১০ থেকে ছিটকে পড়েছে দেশটি। হালনাগাদ সূচকে মালয়েশিয়ার সজো যৌথভাবে দেশটির অবস্থান এখন ১২তম।

□২০১৪ সালে যুক্তরাষ্ট্র ছিল সূচকে প্রথম, পরের বছর দ্বিতীয়, গত বছর ছিল সপ্তম, সেখানে এখন নেমে এসেছে দ্বাদশ স্থানে। বর্তমানে মার্কিনরা বিশ্বের ২২৭টি গন্তব্যের ১৮০টিতে ভিসা ছাড়াই যেতে পারেন।

∏এদিকে, হেনলির সূচকে সবচেয়ে দুর্বল পাসপোর্ট আফগানিস্তানের, দেশটির অবস্থান ১০৬তম।

П

□উল্লেখ্য, সচক প্রস্তুত পদ্ধতি নিয়ে হেনলি অ্যান্ড পার্টনার্সের ওয়েবসাইটে বলা হয়েছে, আন্তর্জাতিক বিমান পরিবহন সংস্থার (আইএটিএ) তথ্যের ভিত্তিতে কোন দেশের পাসপোর্ট দিয়ে আগাম ভিসা ছাড়া কিংবা ভিসামুক্ত সুবিধা নিয়ে কয়টি দেশে যাওয়া যায়, এর ওপর ভিত্তি করে শক্তিশালী পাসপোর্টের এ সূচক তৈরি করা হয়েছে। এ ক্ষেত্রে বিবেচনায় নেওয়া হয়েছে বিশ্বের ১৯৯টি দেশের পাসপোর্ট ও ২২৭টি ভ্রমণ গন্তব্য।

-**B**